দৈনিক খবর

তারিখ 26 OCT 1991
পৃষ্ঠা ২ কলাম ৪

169

# ক্যাম্পাসে থেমে থেমে গুলীর আওয়াজ

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল শুক্রবার রাত পৌনে ১১টায় আবার গোলাগুলী হয়েছে। এর পরেও গভীর রাত পর্যন্ত থেমে থেমে গুলীর শব্দ শোনা যায়।

নীলক্ষেত পুলিশ সূত্র জানায়, রাতে মহসীন হল, জহুরুল হক হল ও জগন্নাথ হল থেকে থেমে থেমে গুলী শুরু হয়। রাত ১২টা পর্যন্ত প্রায় ১০০ রাউন্ড গুলী বর্ষিত হয়। এ তিনটি হলে প্রধান ফটক বন্ধ করে দেয়া হয়েছে। গভীর রাত পর্যন্ত ক্যাম্পাসে পুলিশের আনাগোনা ছিল না বলে জানা গেছে।